**নিত্য খেলা, জল মর্মর**

ফিরোজা বেগম[৮]

হাত বাড়িয়ে রাস্তা খুঁজি, আকাশ খুঁজি, পাতাল খুঁজি।
কোথায় সে ঘর স্মৃতির পরশ জন্ম-ছোঁওয়া।
সজন ফেলে অনাসৃষ্টি, ভয়ে ভয়ে চক্ষু মুদি
কই সে ডোবা তাল শিকড়ে জল জড়ানো পুণ্যতোয়া!

বৃষ্টি নামে মাঝ পুকুরে যখন-তখন নিজের মতো
শ্যাওলা নুড়ি পেরিয়ে খুঁজি কৃষ্ণমেঘে জলের ভাষা
হিম অনুভব বুকের মাঝে, এই বুঝি সব যায় যে ভেসে,
সব ভেসে যায়, মেটে না সে, লবণাক্ত জলের ক্ষত।

আশৈশবের জলশয্যা, মাটির খেলা শিকড় ঘিরে।
স্বধর্ম তার জীবন দেওয়া, তবুও কেন নিধন এমন?
সবুজ পাতায় নিত্য খেলা, জল মর্মর মানুষ নামের।
জলভাণ্ডে জন্ম সুধা, জল ডাকে তাই। আয়রে ফিরে।

নাতিদীর্ঘ এই জীবনে, ঘাট্‌তি অনেক শুদ্ধ জলের।
অবেলা-ডাক শবদেহে, একটু শুদ্ধ -জলের রেখা।
প্রেম-পরাজয় ছোট্ট বুকে মানুষ নামে রণভূমির,—
তবু, বৃষ্টিধারা, প্রেমধারা, শুকনো ঠোঁটে জল - ফসলের।